বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- ২ (শৃঙ্খলা)

গোপনীয়

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৪৩২(২০১৭-২০১৮)/২০১৮-২০১৯/

তারিখঃ ২২.০৫.২০১৯ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব বিদ্যাসাগর বাড়ৈ, কর্মকর্তা(ক্যাশ), বিকেবি, জাজিরা শাখা, শরীয়তপুর ইতিপূর্বে ফরিদপুর অঞ্চলাধীন বিকেবি, পুরাপাড়া বাজার শাখায় কর্মকর্তা(ক্যাশ) হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর অধীনে শৃঙ্খলা সম্পর্কিত ৩৮(ক),(খ),(ঘ),(ঙ)ও (চ) প্রবিধি মোতাবেক দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, দুর্নীতি ও আত্মসাৎ/ প্রতারণামূলক অপরাধের দায়ে ০১/১৭-১৮ নম্বর বিভাগীয় শৃংখলাজনিত মামলা রুজু করিয়া ১১.০২.২০১৮ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৪৩২/২০১৭-২০১৮/২৯৫০ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তবোর্ড নিয়োগ করিয়াছিলেন ;

০২। যেহেতু তদন্তবোর্ড উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তবোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষংগিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব বিদ্যাসাগর বাড়ৈ, আপনাকে আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১) (খ) প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরু দন্ডে দন্ডিত করা হইবে না এই মর্মে ২৭.০১.২০১৯ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৪৩২(২০১৭-২০১৮)/২০১৮-২০১৯/২৩৩৬ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারন দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব বিদ্যাসাগর বাড়ৈ অত্র বিভাগের ২৭.০১.২০১৯ ইং তারিখের উক্ত চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার বিশ্লেষণ করিয়া আপনি জনাব বিদ্যাসাগর বাড়ৈ আপনাকে দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, দুর্নীতি ও আত্মসাৎ/ প্রতারণামূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরু দন্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক ( কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯ (১) (খ)(আ) প্রবিধি অনুসারে ২,৮৮,৪৪২/- (দুই লক্ষ আটাশি হাজার চারশত বিয়াল্লিশ ) টাকা আপনি জনাব বিদ্যাসাগর বাড়ৈ আপনার মাসিক বেতন হইতে মূল বেতনের এক তৃতীয়াংশ হারে কর্তন করিয়া ২,৫০,০০০/ বিকেবি, পুরাপাড়া বাজার শাখার আয় খাতে জমা করিবার জন্য এবং ৩৮,৪৪২/-টাকা প্রমানিত অভিযোগ সংশ্লিষ্ট ঋণ কেইসগুলির বিপরীতে সমন্বয় করিবার (যদি সমন্বয় না হয়ে থাকে) জন্য আদেশ দিলেন। যদি ৩৮,৪৪২/- টাকা পূর্বেই সমন্বয় হইয়া থাকে, তাহা হইলে উক্ত টাকা কর্তনের পর আয় খাতে জমা করিবার জন্য ও আদেশ দিলেন।

**ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-**

জনাব বিদ্যাসাগর বাড়ৈ (বি-৭০১)
কর্মকর্তা (ক্যাশ)
বাংলাদেশ কৃষি ব্যাংক
জাজিরা শাখা
শরীয়তপুর।

স্বাক্ষরিত
(লুৎফুন নাহার নাজ)
উপ-মহাব্যবস্থাপক

---

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৪৩২(২০১৭-২০১৮)/২০১৮-২০১৯/ ৬৬৭৪(৭)

তারিখঃ ২২.০৫.২০১৯ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকা ।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক, ১/২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকা।
০৪। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর । আরোপিত দন্ড সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর ।
০৬। উপ-মহাব্যবস্থাপক,হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
০৮। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক,বিকেবি,মুখ্য আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর । শাখা পরিদর্শনকালে উপরোক্ত রায়ে কর্তনের বিষয়টি নিশ্চিত করণের জন্য অনুরোধ করা হইল।
০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর । শাখা নিরীক্ষাকালে উপরোক্ত রায়ে কর্তনের বিষয়টি নিশ্চিত করণের জন্য অনুরোধ করা হইল।
১০। ব্যবস্থাপক, বিকেবি, জাজিরা শাখা, শরীয়তপুর । এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব বিদ্যাসাগর বাড়ৈ এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। এছাড়া, কর্তৃপক্ষের উপরোক্ত রায়/আদেশ মোতাবেক ২,৮৮,৪৪২/- (দুই লক্ষ আটাশি হাজার চারশত বিয়াল্লিশ) টাকা জনাব বিদ্যাসাগর বাড়ৈ মাসিক বেতন হইতে মূল বেতনের এক তৃতীয়াংশ হারে কর্তন করিয়া ২,৫০,০০০/ বিকেবি, পুরাপাড়া বাজার শাখার আয় খাতে জমা করিবার জন্য এবং ৩৮,৪৪২/-টাকা প্রমানিত অভিযোগ সংশ্লিষ্ট ঋণ কেইসগুলির বিপরীতে সমন্বয় করিবার (যদি সমন্বয় না হয়ে থাকে) জন্য আদেশক্রমে অনুরোধ করা হইল। যদি ৩৮,৪৪২/- টাকা পূর্বেই সমন্বয় হইয়া থাকে, তাহা হইলে উক্ত টাকা কর্তনের পর পুরাপাড়া বাজার শাখার আয় খাতে জমা করিবার জন্যও আদেশক্রমে অনুরোধ করা হইল । কর্তনকৃত টাকা পুরাপাড়া বাজার শাখার আয় খাতে জমা করিবার বিষয়টি নিশ্চিতকরণসহ জনাব বিদ্যাসাগর বাড়ৈ এর বদলীজনিত কারণে তাহার এলপিসিতে কর্তনের বিষয়টি উল্লেখ করার জন্যও অনুরোধ করা হইল।
১১। ব্যবস্থাপক, বিকেবি, পুরাপাড়া বাজার শাখা, ফরিদপুর।
১২। নথি/মহানথি/মূল নথি।

২২/০৫/২০১৯
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক

AHSAN [illegible] EASE ANNONCE.FINAL.DOC